# স্কুলের প্রথম দিনের জন্য প্রস্তুত হোন:

# বৃহস্পতিবার, 10 সেপ্টেম্বর!

**2026–27 শিক্ষা বছর চমৎকারভাবে শুরু করতে আপনার পরিবারকে সহায়তা করতে আমাদের যাচাই-তালিকা ব্যবহার করুন:**

- ❑ **আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করুন।**

  আপনার স্কুল আপনার সাথে যোগাযোগ করতে পারে তা নিশ্চিত করুন। আপনার ফোন নম্বর, ডাকযোগে প্রেরণের ঠিকানা, এবং ইমেইল হালনাগাদ করতে আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্টে (NYCSA) লগ ইন করুন। এছাড়াও আপনি আপনার স্কুলের ইমার্জেন্সি কন্ট্যাক্ট ফর্ম (জরুরি পরিস্থিতিতে যোগাযোগের ফর্ম) পূরণ করতে পারেন। একটি NYCSA নেই? **schools.nyc.gov/NYCSA** -এ সাইন আপ করুন।

- ❑ **আপনার সন্তানের জন্য একটি স্বাস্থ্য পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম) সময়সূচি করুন।**

  আপনার সন্তান প্রথমবারের মত স্কুল অথবা চাইল্ডকেয়ার শুরু করছে কি? তার কোনও স্বাস্থ্য সেবা প্রদানকারীর কাছ থেকে একটি স্বাস্থ্য সেবা (ফিজিক্যাল এক্সাম) প্রয়োজন হবে, তাকে অবশ্যই একটি চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথ্ এক্সামিনেশন ফর্মও (CH-205) পূরণ করতে হবে। **schools.nyc.gov/SchoolHealth** থেকে একটি CH-205 ডাউনলোড করুন।

- ❑ **আপনার সন্তান আবশ্যক টিকাসমূহ (ইমিউনাইজেশন) গ্রহণ করেছে, তা নিশ্চিত করুন।**

  নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ্ বা জনস্বাস্থ্য আইন চাইল্ড কেয়ার অথবা স্কুলে ভর্তি হতে শিক্ষার্থীদের জন্য সুনির্দিষ্ট টিকা দেয়া আবশ্যক করে। **schools.nyc.gov/immunization** -এ শিক্ষার্থীদের জন্য আবশ্যিক টিকাসমূহ (ইমিউনাইজেশন) সম্পর্কে আরও জানুন। আবশ্যিক এবং সুপারিশকৃত টিকা গ্রহণের নিকটবর্তী স্থান খুঁজতে **vaccinefinder.nyc.gov** দেখুন অথবা **877-829-4692** নম্বরে ফোন করুন।

- ❑ **2026–27 শিক্ষা বছরের NYC পাবলিক স্কুলের ক্যালেন্ডারটি দেখে নিন।**

  এই শিক্ষা বছরের আসন্ন হলিডের কারণে ছুটি, প্যারেন্ট-টিচার কনফারেন্সসমূহ এবং আরও অনেক গুরুত্বপূর্ণ তারিখের প্রতি চোখ রাখুন। ক্যালেন্ডারটি একাধিক ভাষায় দেখতে এবং প্রিন্ট করতে **schools.nyc.gov/Calendar** দেখুন।

- ❑ **আপনার সন্তানের যাতায়াতের বিকল্পসমূহ ও যোগ্যতা সম্পর্কে জানুন।**

  আপনার সন্তান কীভাবে স্কুলে যাবে এবং আসবে তা জানেন কি? লভ্য পরিবহন পরিষেবাসমূহ সম্পর্কে তথ্যের জন্য **schools.nyc.gov/Transportation** দেখুন।

  - বিনামূল্যের শিক্ষার্থীর OMNY কার্ড সম্পর্কে আরও জানতে **schools.nyc.gov/OMNY** দেখুন।
  - যদি আপনার সন্তানের জন্য স্কুল বাস পরিষেবা নির্ধারণ করা হয়, তাহলে অফিশিয়াল NYC স্কুল বাস অ্যাপ-এর মাধ্যমে তার যাত্রাপথ (রুট), পিক আপ (নিয়ে যাওয়া) ও ড্রপ অফ (রেখে যাওয়া) সময় দেখতে পারেন। আপনার NYC স্কুল্স অ্যাকাউন্ট ব্যবহার করে লগ ইন করুন। আরও জানতে **schools.nyc.gov/SchoolBusApp** দেখুন।

- ❑ **স্কুলে ইলেক্ট্রনিক ডিভাইস না ব্যবহার করা নিয়ে আপনার সন্তানের সাথে কথা বলুন।**

  নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী, NYCPS শিক্ষার্থীরা স্কুল দিবসে স্কুল প্রাঙ্গনে সেল ফোনের মতো ব্যক্তিগত, ইন্টারনেট-সংযুক্ত বৈদ্যুতিন সরঞ্জাম বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। আপনার স্কুল ডিভাইসের ব্যবহার এবং সংরক্ষণ সম্পর্কিত নিজস্ব নীতি আপনার সাথে শেয়ার করবে—আপনার সন্তানের সাথে নীতিটি পর্যালোচনা করুন যেন সে শিক্ষা বছর শুরু হবার আগে এই নিয়মগুলো বুঝতে পারে। আরো তথ্যের জন্য, **schools.nyc.gov/DevicePolicy** দেখুন।

- ❑ **আপনার সন্তানের স্কুলের সামগ্রী প্রস্তুত করুন।**

  আপনার সন্তানের স্কুল অথবা শিক্ষক এই বছর তার প্রয়োজন হবে এমন স্কুলের সামগ্রীর একটি তালিকা পাঠাতে পারে। আপনার সন্তানের কাছ থেকে তার প্রথম দিন কী আশা করা হচ্ছে তা নিয়ে কথা বলুন, এবং তার ব্যাগ ভরা হয়েছে ও প্রস্তুত আছে তা নিশ্চিত করুন। হারিয়ে গেলে যেন আপনাকে ফেরত দেয়া যায় সেজন্যে তার সামগ্রীতে (পোশাক, পানির বোতল, পেন্সিল কেস ইত্যাদি) লেবেল করুন!

আরও তথ্যের জন্য উল্টো পৃষ্ঠা দেখুন ▶

❑ **আপনার সন্তানকে তার শিক্ষা বছরের সময়সূচিতে উত্তরণে সহায়তা করুন।**

স্কুলের প্রথম দিনের আগে, আপনার সন্তানের নিয়মিত এবং স্বাস্থ্যকর ঘুমের সময়সূচীতে খাপ খাইয়ে নেয়ার জন্য একটি সামঞ্জস্যপূর্ণ ঘুমের সময় ধার্য করুন। স্কুল শুরু হবার কিছু দিন আগে, আপনার সন্তানের এই শিক্ষা বছরের জন্য প্রত্যাশিত সকালের রুটিন অনুশীলন করুন, এতে অন্তর্ভুক্ত প্রস্তুত হওয়া এবং আপনার স্কুলে যাতায়াত। আপনার সন্তানের শুরু ও শেষ হবার সময়, এবং দেরিতে উপস্থিতির নীতি পর্যালোচনা করতে ভুলবেন না।

❑ **অনুবাদ ও দোভাষী পরিষেবা সম্পর্কে আপনার স্কুলকে জিজ্ঞাসা করুন।**

NYCPS বিবিধ ভাষায় অফিশিয়াল নথিপত্র অনুবাদ করে এবং বিনাখরচে দোভাষী পরিষেবা দিয়ে আপনাকে সহায়তা করতে পারে, এতে অন্তর্ভুক্ত প্যারেন্ট-টিচার কনফারেন্স এবং স্পেশাল এডুকেশন মিটিংয়ের সময়। সহায়তা পেতে আপনার স্কুলের প্রিন্সিপাল অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

- **schools.nyc.gov/Hello** -এ আরও জানুন, মতামত প্রদান করুন, অথবা একটি অভিযোগ জমা দিন। আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL) দোভাষী পরিষেবার জন্য **schools.nyc.gov/SignLanguage** দেখুন।

❑ **আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।**

আপনার অনেক প্রশ্নের উত্তর দিতে প্যারেন্ট কোঅর্ডিনেটর সহায়তা করতে পারে। তাদের যোগাযোগের তথ্য **SchoolSearch.schools.nyc** -এ “Find a School” (একটি স্কুল খুঁজুন) টুল ব্যবহার করে অথবা আপনার সন্তানের স্কুলে ফোন করে খুঁজে নিন।

❑ **দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণ করুন।**

যদি স্কুলের অবশ্যই বন্ধ করতে হয়, তবে শিক্ষার্থীরা বাড়িতে দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) অংশগ্রহণ করবে। আপনার সন্তানের একটি ইন্টারনেট-সংযুক্ত ডিভাইস, স্কুলের সামগ্রী, এবং কাজ করার জন্য একটি নিরিবিলি স্থান আছে তা নিশ্চিত করুন। তার স্কুলের কাজ করার জন্য প্রয়োজনীয় অনলাইন টুল ব্যবহার করতে তার NYCPS স্টুডেন্ট অ্যাকাউন্টে লগ ইন করতে তাকে সহায়তা করুন। দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণের বিভিন্ন তথ্য-সংস্থান খুঁজতে **schools.nyc.gov/DigitalLearning** দেখুন।

**10 সেপ্টেম্বর, স্কুলের প্রথম দিন আমরা আপনাদের সাথে দেখা হবার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি!**